



দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডি আর টাওয়ার (১৩তলা)  
বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর সড়ক  
(বক্স কালভার্ট রোড)  
পুরানা পল্টন, ঢাকা-১০০০।



২০২৩

বিজ্ঞপ্তি নম্বর: ০১/২০২৩/৩৫৮

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯  
১১ এপ্রিল ২০২৩

**নিয়োগ বিজ্ঞপ্তি**

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)-এ নিম্নোক্ত বর্ণিত সংখ্যক শূন্য পদে বিধি মোতাবেক অন্যান্য ভাতাদিসহ নির্ধারিত বেতন ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন প্রার্থী প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

(১) (ক)

পদের নাম	বেতন ক্ষেত্র (জাতীয় বেতন ক্ষেত্র ২০১৫ এর অনুরূপ)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
অফিসার (আইটি)	টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- ক্ষেত্র এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।	০১ টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স(সিএস)/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং(সিএসই)/ ইনফরমেশন টেকনোলজি/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে, তবে শিক্ষা জীবনে কোনো ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।

(খ) উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে উপরোক্ত পদসংখ্যা বৃদ্ধি পেতে পারে।

(২) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে :

(ক) এস এস সি বা সমমান এবং এইচ এস সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে :

জিপিএ ৩.০০ বা তদুর্ধ	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে :

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি / বিভাগ
৪.০০ পয়েন্ট ক্ষেত্রে	৫.০০ পয়েন্ট ক্ষেত্রে	
জিপিএ ৩.০০ বা তদুর্ধ	৩.৭৫ বা তদুর্ধ	প্রথম শ্রেণি / বিভাগ
জিপিএ ২.২৫ বা তদুর্ধ কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদুর্ধ কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় শ্রেণি / বিভাগ

(৩) বয়স (২৫/০৩/২০২০ তারিখে) : ক) মুক্তিযোদ্ধার সন্তান ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।

খ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

(৪) আবেদন ফি এর পরিমাণ : পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য টা. ৫০০/- (পাঁচশত টাকা) মাত্র ব্যাংক ড্রাফট/পেমেন্ট অর্ডার "মহাসচিব, আইবিবি" বরাবরে প্রেরণ করতে হবে।

(৫) আবেদনপত্র দাখিলের নিয়মাবলী :

(ক) স্বহস্তে লিখিত আবেদনপত্রে - (i) প্রার্থীর নাম (ii) পিতা/স্বামীর নাম (iii) মাতার নাম (iv) স্থায়ী ঠিকানা (v) বর্তমান ঠিকানা (vi) জন্ম তারিখ (vii) জাতীয়তা (viii) বয়স (২৫/০৩/২০২০ তারিখে) (ix) ধর্ম (x) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) (xi) মোবাইল নাম্বার, ই-মেইল (xii) পে অর্ডার নং উল্লেখ থাকতে হবে।

(খ) জাতীয়তা ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের অনুলিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তাদ্বারা সত্যায়ন করতে হবে।

(গ) আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা চার কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তাদ্বারা সত্যায়ন করে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত দলিল দাখিল করতে হবে।

(ঙ) প্রার্থীর সাথে পত্র যোগাযোগের লক্ষ্যে স্পষ্ট ঠিকানা সন্মিলিত ২ টি খাম মুখ খোলা অবস্থায় প্রেরণ করতে হবে।

(চ) আবেদনপত্রে প্রার্থীকে যথাযথভাবে স্বাক্ষর করতে হবে।

(৬) অসম্পূর্ণ/ভুল তথ্য সন্মিলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

(৭) চাকুরিরত প্রার্থীগণও স্ব-স্ব কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবেন।

(৮) প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানানো হবে।

(৯) আবেদনপত্র এবং খামের উপরে আবেদনকৃত পদের নাম অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(১০) আবেদনপত্র মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) বরাবরে ৩০/০৪/২০২৩ তারিখ, বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাক/কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

(১১) দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

(শেখ জাহাঙ্গীর হোসেন)  
সচিব, আইবিবি এবং  
পরিচালক, বাংলাদেশ ব্যাংক